উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত আগস্ট/২০২১ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব ইমরান হোসেন রাসেল
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা ।

সভার স্থান: ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর মহোদয়ের অফিস কক্ষ ।

সভার তারিখ: ২৬/০৮/২০২১ খ্রি. সময়: বেলা- ১১.৩০ টা

**প্রাণিসম্পদ বিভাগঃ**

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: বেনজির আহমেদ (ভারপ্রাপ্ত) , সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের বিভিন্ন কার্যাবলী সঠিকভাবে পরিচালিত হচ্ছে ।

**মৎস্য বিভাগঃ**

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বর্তমানে মাছের বিভিন্ন ধরণের রোগ বালাই দেখা যাচ্ছে । মৎস্য দপ্তরে প্রয়োজনীয় পানি পরীক্ষার কিট বক্স না থাকায় পানির গুনাগুন পরীক্ষা- নীরিক্ষা করে যথাযথভাবে মাছের চিকিৎসা ও চাষীদের সু-পরামর্শ দেয়া সম্ভব হচ্ছে না । উপজেলা পরিষদ তহবিল হতে পানি পরীক্ষা করার কিট বক্স ক্রয় করা হলে চাষিদের যথাযথ পরামর্শ ও পানির গুনাগুন পরীক্ষা করে প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা যাবে ।এতে উপজেলার মৎস্য চাষিগণ লাভবান হবেন । তাই উপজেলা পরিষদ তহবিল হতে একটি কিট বক্স ক্রয় করার ব্যাপারে অনুরোধ করা হয় ।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদ তহবিল হতে মৎস্য বিভাগের জন্য একটি কিট বক্স ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয় ও পরিষদের নিকট সুপারিশ পেশ করা হয় ।

(ইমরান হোসেন রাসেল)
ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা ।
তারিখ:২৬/০৮/২০২১ খ্রি.

পত্র নং-৩৩.০২.০৪২৮.৫০১.৬৯.০০১.২১-৯৯
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা ।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা ।
০৩। ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর,বরগুনা ।
০৪। উপজেলা ....................................অফিসার,বরগুনা সদর,বরগুনা ।
০৫। চেয়ারম্যান ....................................... ইউনিয়ন পরিষদ,বরগুনা ।
০৬। অফিস কপি।

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ও
সদস্য- সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা ।

উপজেলা পরিষদের মৎস্য ও প্রানিসম্পদ দপ্তর সংক্রান্ত অক্টোবর/২০২১ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব ইমরান হোসেন রাসেল
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা ।

সভার স্থান: ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর মহোদয়ের অফিস কক্ষ ।

সভার তারিখ: ১৮/১০/২০২১ খ্রি. , সময় : বেলা- ১১.০০ টা

**মৎস্য বিভাগঃ**

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতীভাবে চলছে । গত সভার সিদ্ধান্তের আলোকে দ্রুত কিট বক্স উপজেলা মৎস্য দপ্তরে সরবরাহের জন্য অনুরোধ করা হয় । মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, এ বছর ৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে । সরকারী নিষেধাজ্ঞা অমান্য করে কোন জেলে যাতে মা ইলিশ নিধন না করে সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন । তিনি আরও জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় বিকল্প কর্মসংস্থান হিসেবে ১০ টি বকনা বাছুর গরুর বরাদ্দ পাওয়া গিয়াছে, সুফলভোগী নির্বাচনের মানদন্ড অনুসরণ করে সুফলভোগীর তালিকা প্রনয়ন করে প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে ।

**সিদ্ধান্তঃ** (১) মা ইলিশ রক্ষা কার্যক্রম যাতে সফল হয় সে জন্য উপজেলা প্রশাসন, আইন শৃঙ্খলা বাহিনী ও মৎস্য বিভাগ যৌথভাবে দায়িত্ব পালন করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) উপজেলা পরিষদ তহবিল হতে মৎস্য বিভাগের জন্য একটি কিট বক্স ক্রয় করার জন্য পুনরায় সভাপতিকে অনুরোধ করা হয়

(৩) সুফলভোগী নির্বাচনের মানদন্ড অনুসরণ করে প্রকৃত জেলেদের বিকল্প কর্মসংস্থানের জন্য বকনা বাছুর গরু সরবরাহের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয় ।

অদ্য আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

(ইমরান হোসেন রাসেল)
ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা ।
তারিখ:১৮/১০/২০২১ খ্রি.

পত্র নং-৩৩.০২.০৪২৮.৫০১.৬৯.০০১.২১-১৪৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা ।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা ।
০৩। ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর,বরগুনা ।
০৪। উপজেলা ........................................অফিসার,বরগুনা সদর,বরগুনা ।
০৫। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ,বরগুনা ।
০৬। অফিস কপি।

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা

উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত ডিসেম্বর/২০২১ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব ইমরান হোসেন রাসেল
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।

সভার স্থান: ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ: ১২/১২/২০২১ খ্রি: সময়: বেলা-১২.০০ টা

অদ্যকার সভা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে শুরু করা হয়। উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করা হয়।

**আলোচ্যসূচি-১** : প্রাণিসম্পদ বিভাগের কার্যাবলী বিষয়ে অবহিতকরণ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের বিভিন্ন কার্যাবলী সঠিকভাবে পরিচালিত হচ্ছে।

**আলোচ্যসূচি-২** : মৎস্য বিভাগের কার্যাবলী বিষয়ে অবহিতকরণ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতীভাবে চলছে। মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, এ বছর ৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হয়েছে। বরগুনা সদর উপজেলায় মা ইলিশ রক্ষা কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। তিনি আরও জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে অবৈধজাল নির্মূলকরণে বিশেষ কম্বিং অপারেশন জানুয়ারি মাস হতে শুরু হবে। কম্বিং অপারেশন সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা কামনা করা হয়। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় ০৩ টি প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গেছে, পুকুর নির্বাচনের মানদন্ড অনুসরণ করে যথাযথভাবে উক্ত প্রদর্শনী বাস্তবায়ন করা হবে।

**সিদ্ধান্তঃ** (১) মা ইলিশ রক্ষা কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রশাসন, আইন শৃঙ্খলা বাহিনী ও মৎস্য বিভাগকে ধন্যবাদ জানানো হয়।
(২) অবৈধজাল নির্মূলকরণে বিশেষ কম্বিং অপারেশন সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়
(৩) প্রদর্শনী কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

অদ্য আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ইমরান হোসেন রাসেল)
ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা।

পত্র নং-৩৩.০২.০৪২৮.৫০১.৬৯.০০১.২১-১৬৮ তারিখ:১২/১২/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
০৩। ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর,বরগুনা।
০৪। উপজেলা ......................................অফিসার,বরগুনা সদর,বরগুনা।
০৫। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ,বরগুনা।
০৬। অফিস কপি।

১২/১২/২১
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি

উপজেলা পরিষদের মৎস্য ও প্রানিসম্পদ দপ্তর সংক্রান্ত ফেব্রুয়ারি/২০২২ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব ইমরান হোসেন রাসেল
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা ।

সভার স্থান: ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর মহোদয়ের অফিস কক্ষ ।

সভার তারিখ : ২৭/০২/২০২২ খ্রি. , সময় : বেলা -১১.৩০ টা

অদ্যকার সভা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে শুরু করা হয় । সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন । সদস্য সচিব ধন্যবাদ জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি-১** : প্রাণিসম্পদ বিভাগের কার্যাবলী বিষয়ে অবহিতকরণ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের বিভিন্ন কার্যাবলী সঠিকভাবে পরিচালিত হচ্ছে ।

**আলোচ্যসূচি-২** : মৎস্য বিভাগের কার্যাবলী বিষয়ে অবহিতকরণ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতীভাবে চলছে । তিনি আরও জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে অবৈধজাল নির্মূলকরণে বিশেষ কম্বিং অপারেশন জানুয়ারি মাস হতে শুরু হয়ে ফেব্রুয়ারি মাস পর্যন্ত ০৪ ধাপে সম্পন্ন হয় । এই কম্বিং অপারেশনে প্রায় ৮০ টি বেহুন্দি জাল, চরগড়া জাল, কারেন্ট জাল সহ অন্যান্য জাল ধ্বংস করা হয় । বরগুনা সদর উপজেলায় কম্বিং অপারেশন সফলভাবে বাস্তবায়িত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয় । সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা ও উপজেলা পর্যায়ে অবহিতকরণ সভা, পেনে মাছচাষ, দেশি প্রজাতির প্রদর্শনীসহ বিভিন্ন কার্যক্রম বাস্তয়িত হবে ।০৩ টি প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গেছে, পুকুর নির্বাচনের মানদন্ড অনুসরণ করে যথাযথভাবে উক্ত প্রদর্শনী বাস্তবায়ন করা হবে ।

**সিদ্ধান্তঃ** (১) কম্বিং অপারেশন সফলভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রশাসন, আইন শৃঙ্খলা বাহিনী ও মৎস্য বিভাগকে ধন্যবাদ জানানো হয় ।
(২) প্রদর্শনী কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয় ।

অদ্য আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

(ইমরান হোসেন রাসেল)
ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ ও
সভাপতি
মৎস্য ও প্রানিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা ।
তারিখ:২৭/০২/২০২২ খ্রি.

পত্র নং-৩৩.০২.০৪২৮.৫০১.৬৯.০০১.২১-২৮
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা ।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা ।
০৩। ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর,বরগুনা ।
০৪। উপজেলা ......................................অফিসার,বরগুনা সদর,বরগুনা ।
০৫। চেয়ারম্যান ....................................... ইউনিয়ন পরিষদ,বরগুনা ।
০৬। অফিস কপি।

27/2/22
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রানিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা ।

উপজেলা পরিষদের মৎস্য ও প্রানিসম্পদ দপ্তর সংক্রান্ত এপ্রিল/২০২২ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ইমরান হোসেন রাসেল
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ০৭/০৪/২০২২ খ্রিঃ , বেলাঃ ১১.৩০ টা

অদ্যকার সভা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য সচিব ধন্যবাদ জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা উপস্থাপন করেন।

আলোচ্যসূচি-১ : প্রাণিসম্পদ বিভাগের কার্যাবলী বিষয়ে অবহিতকরণ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের বিভিন্ন কার্যাবলী সঠিকভাবে পরিচালিত হচ্ছে।

আলোচ্যসূচি-২: মৎস্য বিভাগের কার্যাবলী বিষয়ে অবহিতকরণ
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতীভাবে চলছে। তিনি জানান যে, জাটকা সংরক্ষণ কার্যক্রম মাঠ পর্যায়ে যথাযথভাবে চলছে। জাটকা আহরণে বিরত থাকা জেলেদের জন্য কাড প্রতি মাসে ৪০ কেজি হারে ভিজিএফ চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। যথাসময়ে উত্তোলন ও বিতরণ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের পরামর্শ প্রদান করা হয়। প্রকৃত জাটকা জেলে যাতে ভিজিএফ সহায়তা পায় সে ব্যাপারে দৃষ্টি রাখার জন্য সকল সদস্যকে অনুরোধ করা হয়। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা ও উপজেলা পর্যায়ে অবহিতকরণ সভা, পেনে মাছচাষ, দেশি প্রজাতির প্রদর্শনীসহ বিভিন্ন কার্যক্রম যথাযথভাবে বাস্তয়িত হচ্ছে। জেলেদের বিকল্প কর্মসংস্থান হিসেবে ১০ টি গ্রুপে ছাগল বিতরণ করা হবে।

**সিদ্ধান্তঃ** (১) জাটকা আহরণে বিরত থাকা জেলেদের জন্য কাড প্রতি মাসে ৪০ কেজি চাল সঠিকভাবে পায় সে জন্য ইউপি চেয়ারম্যানদের দায়িত্বশীল হওয়ার জন্য বলা হয়।

(২) প্রকৃত জেলেদের মাঝে ছাগল বিতরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। প্রদর্শনী কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

অদ্য আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ইমরান হোসেন রাসেল)
ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ ও
সভাপতি
মৎস্য ও প্রানিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা।
তারিখ:০৭/০৪/২০২২ খ্রি.

পত্র নং-৩৩.০২.০৪২৮.৫০১.৬৯.০০১.২১-৪৭
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
০৩। ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর,বরগুনা।
০৪। উপজেলা ......................................অফিসার,বরগুনা সদর,বরগুনা।
০৫। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ,বরগুনা।
০৬। অফিস কপি।

৭/৪/২২
উপজেলা প্রানিসম্পদ অফিসার
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রানিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা।

উপজেলা পরিষদের মৎস্য ও প্রানিসম্পদ দপ্তর সংক্রান্ত জুন/২০২২ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব ইমরান হোসেন রাসেল
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।

সভার স্থান: ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর মহোদয়ের অফিস কক্ষ।
সভার তারিখ: ১২/০৬/২০২২ খ্রি. , সময়: বেলা - ১১.০০ টা

অদ্যকার সভা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য সচিব ধন্যবাদ জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি-১:** প্রাণিসম্পদ বিভাগের কার্যাবলী বিষয়ে অবহিতকরণ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের বিভিন্ন কার্যাবলী সঠিকভাবে পরিচালিত হচ্ছে।

**আলোচ্যসূচি-২:** মৎস্য বিভাগের কার্যাবলী বিষয়ে অবহিতকরণ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতীভাবে চলছে। তিনি জানান যে, জাটকা সংরক্ষণ কার্যক্রম মাঠ পর্যায়ে যথাযথভাবে চলছে। জাটকা আহরণে বিরত থাকা জেলেদের জন্য কাড প্রতি মাসে ৪০ কেজি হারে ভিজিএফ চাল যথাসময়ে উত্তোলন ও বিতরণ করা হয়েছে। এ জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের ধন্যবাদ জানানো হয়। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় পেনে মাছচাষ, দেশি প্রজাতির প্রদর্শনীসহ বিভিন্ন কার্যক্রম যথাযথভাবে বাস্তয়িত হয়েছে। ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় নির্বাচিত সুফলভোগীদের মাঝে বকনা বাছুর গরু বিতরণ করা হয়েছে।

**সিদ্ধান্তঃ** (১) মৎস্য বিভাগের দাপ্তরিক কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য মৎস্য কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়। উপকরণ বিতরণের ক্ষেত্রে প্রকৃত সুফলভোগী যাতে নির্বাচন করা হয় সে জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

অদ্য আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ইমরান হোসেন রাসেল)
ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ ও
সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা।

পত্র নং-৩৩.০২.০৪২৮.৫০১.৬৯.০০১.২১-৯৪ তারিখ:১২/০৬/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।
০৩। ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, বরগুনা সদর,বরগুনা।
০৪। উপজেলা ....................................অফিসার,বরগুনা সদর,বরগুনা।
০৫। চেয়ারম্যান ....................................... ইউনিয়ন পরিষদ,বরগুনা।
০৬। অফিস কপি।

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি
বরগুনা সদর, বরগুনা।